

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নম্বর: ধবিম/হ:শা:/৪-৩১৫/২০১৩/ ১০১৬

তারিখ:

১৮ আষাঢ়, ১৪২৯

২ জুলাই, ২০২২

বিষয়: কারণ দর্শানোর নোটিশ

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত হজ এজেন্সি জামাত ট্রাভেলস (হজ লাইসেন্স নং-৮৫০), ইস্টার্ন আরজু, ৪র্থ তলা, ৬১ বিজয়নগর (বিজয়নগর পানির ট্যাংকির বিপরীত পাশে), ঢাকা-১০০০ এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ০৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ; এবং

০৩। যেহেতু ০২.০৭.২০২২ তারিখে আপনার এজেন্সির ১৪৭জন হজযাত্রীকে নির্দিষ্ট সময়ে ইমিগ্রেশনের জন্য হজক্যাম্পে উপস্থিত করতে ব্যর্থ হয়েছেন এবং ফ্লাইটের নির্ধারিত সময়ের পরে ইমিগ্রেশন করিয়েছেন; এবং

০৪। যেহেতু আপনি আপনার হজযাত্রীদের ইমিগ্রেশনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল/প্রদর্শন করতে ব্যর্থ হয়েছেন; এবং

০৫। যেহেতু আপনার এরূপ কার্যক্রমের কারণে সুষ্ঠু হজ ব্যবস্থাপনায় বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছে এবং সরকারের হজ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট নির্দেশনা উপেক্ষিত হয়েছে; যা হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর পরিপন্থী; এবং

০৬। যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের কারণে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের কারণসমূহ বিদ্যমান;

০৭। সেহেতু আপনার কর্তৃক পরিচালিত জামাত ট্রাভেলস (হজ লাইসেন্স নং-৮৫০) এর বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১৩ ধারা অনুযায়ী কেন আপনার হজ লাইসেন্স বাতিল ও জামানত বাজেয়াপ্ত করা হবে না তার জবাব আগামী ০৩ (তিন) দিনের মধ্যে এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০২.০৭.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন: ৫৫১০১১১৮

e-mail: morahajsection@gmail.com

জনাব মো: শহিদুল ইসলাম

স্বত্বাধিকারী

জামাত ট্রাভেলস (হজ লাইসেন্স নং-৮৫০)

ইস্টার্ন আরজু, ৪র্থ তলা, ৬১ বিজয়নগর

(বিজয়নগর পানির ট্যাংকির বিপরীত পাশে)

ঢাকা-১০০০।

নম্বর: ধবিম/হ:শা:/৪-৩১৫/২০১৩/ ১০১৬

তারিখ: ০২.০৭.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি।


০২.০৭.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব